গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট**
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বিসিএসআইআর ক্যাম্পাস, ধানমন্ডী, ঢাকা
Web: www.bstft.gov.bd

স্মারক নং: ৩৯.০৯.০০০০.০০০.২৫.৪৩.২০১৯.৯৩

তারিখ: ১৮ চৈত্র ১৪২৭ / ০১ এপ্রিল ২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্টের রাজস্ব খাতে অস্থায়ীভাবে সৃষ্ট নিম্নোক্ত শূন্য পদে জনবল নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জা. বে. স্কেল, ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | বয়সসীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | সহকারী পরিচালক (গ্রেড-৯) ২২,০০০-৫৩,০৬০/- | ০১ (এক) টি | অনূর্ধ্ব ৩০ বৎসর। | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান, বাণিজ্য, কলা বা বানিজ্য অনুষদভুক্ত যে কোন বিষয়ে প্রথম শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা অন্যুন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রিসহ স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি। |
| ২. | সহকারী প্রোগ্রামার (গ্রেড-৯) ২২,০০০-৫৩,০৬০/- | ০১ (এক) টি | | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান বা কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বা ইলেকট্রিক্যাল এবং ইলেকট্রনিক্স প্রকৌশল বা ইনফরমেশন এবং কমিউনিকেশন টেকনোলজিতে ৪ (চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(২) কোন স্বীকৃত পেশাদার কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য;<br>(৩) কম্পিউটার প্রোগ্রামিং এর স্ট্যান্ডার্ড অ্যাপটিচ্যুড টেস্টে উত্তীর্ণ হতে হবে;<br>(৪) কম্পিউটার সিস্টেম এনালাইসিসে দক্ষ। |
| ৩. | কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩) ১১,০০০-২৬,৫৯০/- | ০১ (এক) টি | | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>এবং<br>(২) কম্পিউটার অপারেটরের স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউড টেস্টে উত্তীর্ণ হতে হবে। |
| ৪. | হিসাব রক্ষক (গ্রেড-১৪) ১০,২০০-২৪,৬৮০/- | ০১ (এক) টি | | (১) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য অনুষদভুক্ত যে কোন বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর বা সমমানের ডিগ্রি অথবা ৪ (চার) বৎসর মেয়াদি দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি;<br>(২) সংশ্লিষ্ট কাজে অন্যূন ৪ (চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(৩) কম্পিউটার চালনায় বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫. | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) ৯,৩০০-২২,৪৯০/- | ০১ (এক) টি | | (১) কোন স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ হবে:<br>(ক) বাংলা: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ।<br>(খ) ইংরেজী: প্রতি মিনিটে সর্বনিম্ন ২০ শব্দ। |

২। নিম্নবর্ণিত শর্তাবলী অনুযায়ী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে:

(ক) প্রার্থীর বয়সসীমা (০১-০৪-২০২১ তারিখে):

(১) সাধারণ প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর।

(২) শুধু মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর।

(৩) তবে ক্রমিক নং-৩ এ বর্ণিত কম্পিউটার অপারেটর পদের ক্ষেত্রে 'বঙ্গবন্ধু ফেলোশিপ অন সাইন্স এন্ড আইসিটি' শীর্ষক সমাপ্ত প্রকল্পে শেষ পর্যন্ত কর্মরত ছিল এমন কর্মচারীদের 'বয়স শিথিলকরণ বিধিমালা, ২০০৫ এর বিধি- ৪(১)' অনুযায়ী বয়সসীমা শীথিলযোগ্য। এ ক্ষেত্রে প্রার্থীর বয়স ৩৫ বছর পর্যন্ত শীথিলযোগ্য হবে।

(৪) বয়স প্রমাণের ক্ষেত্রে কোন প্রকার এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(খ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

(গ) সকল পদের জন্য লিখিত, ব্যবহারিক (ক্রমিক নং ২, ৩ ও ৫ এ বর্ণিত পদের জন্য প্রযোজ্য) ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে। লিখিত ও ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই কেবল মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বিবেচতি হবেন।

(ঘ) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(ঙ) নিয়োগ সংক্রান্ত সরকারি বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত বিধি বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৩। প্রার্থীর যোগ্যতা যাচাই:

(ক) (i) লিখিত/মৌখিক পরীক্ষার সময় ছবি যুক্ত মূল প্রবেশ পত্র সাথে আনতে হবে।

(ii) মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(iii) সংশ্লিষ্ট জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

(iv) জাতীয় পরিচয়পত্র/জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(v) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র দাখিল করতে হবে।

(vi) বিভিন্ন কোটায় আবেদনকারী প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

(vii) বিভাগীয় ও সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

(খ) প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত নূন্যতম যোগ্যতার সাথে অসামঞ্জস্যপূর্ণ তথ্য দিলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোন প্রার্থীর প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(গ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা, নাতি-নাতনি হলে উক্ত বক্তব্যের স্বপক্ষে আবেদনকারীকে (সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/বামুস সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র উপস্থাপন করতে হবে। আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে। সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়ে প্রার্থী কোন ভুল তথ্য প্রদান করলে বা কোন তথ্য গোপন করলে আবেদনপত্র বাতিল করা হবে।

(ঘ) এ নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয় নাই এমন কোন বিষয়ে সরকারী প্রচলিত আইন, সার্কুলার ও বিধি বিধানসমূহ অনুসৃত হবে।

(ঙ) নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

(চ) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গন্য হবে।

**৪। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করনীয়:**

**ক.** পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ **http ://** BSTFT**.teletalk.com.bd** এই ওয়েবসাইটে আবেদন পত্র পূরণ করবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপঃ

i. Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ০৬/০৪/২০২১ খ্রি., সকাল-০৯.০০ টা।

ii. Online-এ আবেদন পত্র ও পরীক্ষার ফি জমাদানের শেষ তারিখ ও সময় ২৬/০৪/২০২১ খ্রি., বিকাল-৫.০০ টা। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিবেন।

**খ.** Online আবেদন পত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৮০ pixel) ও রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

**গ.** Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু online এ আবেদনপত্র submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

**ঘ.** প্রার্থী Online-এ পূরণকৃত আবেদন পত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যেকোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

**ঙ.** SMS প্রেরণের নিয়ামাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদন প্রত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতে ছবি এবং Signature upload করে আবেদন পত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি সহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত Applicant's copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১, ২ -এ বর্ণিত পদের জন্য ৫০০/- টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬০/-(ষাট) টাকাসহ মোট ৫৬০/-(পাঁচশত ষাট) টাকা এবং ক্রমিক নং ৩-৫ -এ বর্ণিত পদের জন্য ১০০ টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২/-(বারো) টাকাসহ মোট ১১২/-(একশত বারো) টাকা আবেদনপত্র Submit এর অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। কোন প্রার্থী নির্ধারিত সময়ের পরে কোন আবেদনপত্র ও ফি অনলাইনে Submit করলে তার আবেদন বিবেচিত হবেনা।

**আবেদন ফি জমা দেওয়ার পদ্ধতি:**

**প্রথম** SMS: BSTFT<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: BSTFT ABCDEF & send to 16222.

Reply: Applicant's Name, Taka 560 or 112 will be charged as application fee. Your PIN is xxxxxxxxxx.

To pay fee Type BSTFT <space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।

**দ্বিতীয়** SMS: BSTFT <space>YES<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে

Example: BSTFT YES 12345678 & send to 16222.

Reply: Congratulations Applicant's Name, payment completed Successfully for BSTFT Application for post xxxxxxxxxx User ID is (ABCDEF) and password (xxxxxxxx)

**চ.** প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http:// BSTFT teletalk.com.bd অথবা BSTFT ওয়েবসাইট www. bstft.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS- এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

**ছ.** SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট (সম্ভব হলে রঙ্গিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

**জ.** শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে BSTFT<space>HELP<space>User<space>User ID & Send to 16222.
   Example: BSTFT HELP User ABCDEF & send to 16222
ii. PIN Number জানা থাকলে BSTFT <space>HELP<space>PIN<space>PIN No & send to 16222
   Example: BSTFT HELP PIN 12345678 & send to 16222.

**ঝ.** Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে সচেতনতার সাথে করবেন। এক্ষেত্রে অন্য মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করার ক্ষেত্রে কোন অসুবিধা হলে অথবা প্রার্থী প্রতারিত হলে সে ক্ষেত্রে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**ঞ.** Online-এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর থেকে ১২১ নম্বরে অথবা vas.query@teletalk.com.bd ই-মেইলে অথবা bangabandhufellowshiptrust.bd@gmail.com ই-মেইলে যোগাযোগ করা যাবে।

০৪/৪/২১

**(মো: তৌহিদ হাসানাত খান)**
**প্রধান নির্বাহী কর্মকর্তা**
বঙ্গবন্ধু বিজ্ঞান ও প্রযুক্তি ফেলোশিপ ট্রাস্ট
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
ফোন: ০২৯৬৭৭৪৮৫